

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২য় পর্যায়  
তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।  
[www.tarabopaurashava.com](http://www.tarabopaurashava.com)

স্মারক নং-তারাব.পৌঃ/ইউপিএইচসিএসডিপি-২/পিআইইউ/২০২৪/২৭৫

তারিখঃ ২৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
১১ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ কর্তৃক পরিচালিত “আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২য় পর্যায়” শীর্ষক প্রকল্পে শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কতিপয় জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রয়োজ্য ক্ষেত্রে) সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	পদ সংখ্যা	মাসিক মোট বেতন	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	বিশেষজ্ঞ চিকিৎসক (শিশু)	০১	৫৩,৬৮৫/-	সর্বোচ্চ ৬০ বছর	এমবিবিএসসহ শিশুরোগ সম্পর্কিত পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রী/ডিপ্লোমাধারী। শিশুরোগ বিশেষজ্ঞ হিসাবে ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২.	প্রশাসনিক সহকারী	০১	১৮,৯০৪/-	সর্বোচ্চ ৬০ বছর	ন্যূনতম ২য় বিভাগে উত্তীর্ণ উচ্চ মাধ্যমিক পাশ। স্বাস্থ্য সম্পর্কিত কাজে অভিজ্ঞ অগ্রগণ্য। পুরুষ ও মহিলা প্রার্থী উভয় আবেদন যোগ্য। অবশ্যই কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।
৩.	সার্ভিস প্রমোটর	০১	১৮,৯০৪/-	সর্বোচ্চ ৬০ বছর	ন্যূনতম ২য় বিভাগে উত্তীর্ণ উচ্চ মাধ্যমিক পাশ। স্বাস্থ্য সম্পর্কিত কাজে অভিজ্ঞ অগ্রগণ্য। শুধু মহিলা প্রার্থী আবেদন যোগ্য। অবশ্যই কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।

### শর্তাবলীঃ

- প্রার্থীকে মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ বরাবর আবেদন করতে হবে।
- আবেদনপত্র আগামী ২৭ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অবশ্যই মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ পৌছাতে হবে। উক্ত তারিখের পর কোন ভাবেই আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- সর্বশেষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারন চাকরির আবেদন ফরম-এর মাধ্যমে আবেদন করতে হবে। এ আবেদনপত্রের ফরমটি [www.tarabopaurashava.com](http://www.tarabopaurashava.com) হতে ডাউনলোড করা যাবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতা সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- আবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।
- বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীগণের বয়সসীমা উল্লিখিত সীমার মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এক্সিডেভিট গ্রহণযোগ্য নয়।
- নির্বাচিত প্রার্থীগণ কেবলমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের বিধি-মোতাবেক সাকুল্যে বেতনে নিয়োগ প্রাপ্ত হবেন। নিয়োগপ্রাপ্ত প্রকল্প সমাপ্তি শেষে চাকুরী হতে অব্যাহতি পত্র হিসাবে গণ্য হবে।
- চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- শুধুমাত্র বৈধ প্রার্থীদেরকে লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।
- নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করতে পারবেন। নিয়োগের ক্ষেত্রে সর্বাধিক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।



(হাসিনা গাজী)

মেয়র, তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ।  
ও সভাপতি, নিয়োগ কমিটি  
ইউপিএইচসিএসডিপি-২,  
তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ।